

কিউএস র‍্যাঙ্কিং
বিশ্বসেরা ৬০০
বিশ্ববিদ্যালয়ে নেই
ঢাবি-বুয়েট

যুগান্তর প্রতিবেদন

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) বিশ্বসেরা টেকসই বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। তালিকায় বাংলাদেশের ১৫টি বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে। তবে বিশ্বের সেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায়ও স্থান পায়নি ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বুয়েটের মতো দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলো।

প্রকাশিত তালিকায় বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সবার ওপরে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। তালিকায় ৬৩৪তম অবস্থানে রয়েছে ঢাবি। এরপর রয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। বেসরকারি এ বিশ্ববিদ্যালয়টি ৬৯০তম

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৭

বিশ্বসেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ে নেই

(৩য় পৃষ্ঠার পর)

স্থানে রয়েছে। শীর্ষ ১ হাজারে বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয় নেই। মঙ্গলবার তৃতীয়বারের মতো 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‌্যাঙ্কিংস : সাসটেইনেবিলিটি ২০২৫' শীর্ষক এ র‌্যাঙ্কিং প্রকাশ করা হয়। এতে বিশ্বের প্রায় ১ হাজার ৮০০ বিশ্ববিদ্যালয় রয়েছে। তালিকায় এবারও বিশ্বসেরা বিশ্ববিদ্যালয় হওয়ার গৌরব অর্জন করেছে কানাডার ইউনিভার্সিটি অব টরন্টো। তৃতীয় অবস্থানে থাকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১০৮০ থেকে ১১০০-এর মধ্যে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১১০১ থেকে ১১২০, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ১১৪১ থেকে ১১৬০ এর মধ্যে। এরপর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৩০১-১৩৫০, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৩৫১-১৪০০, আমেরিকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ব্র্যাক ইউনিভার্সিটি ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) অবস্থান ১৪০১ থেকে ১৪৫০ এর মধ্যে। তাছাড়া ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৫০০-এর ওপরে। তবে ১৫০০-এর পরে থাকা বিশ্ববিদ্যালয়গুলোর সুনির্দিষ্ট অবস্থান প্রকাশ করা হয়নি।